সোভিয়েতের শেষ নেতা গর্বাচেভ মারা গেছেন, পুতিনের শোক

চেম্বার ডেস্ক:: সোভিয়েত ইউনিয়নের শেষ নেতা মিখাইল গর্বাচেভ
(৯১) মারা গেছেন। তিনি দীর্ঘদিন অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। মঙ্গলবার (৩০ আগস্ট) রাতে তার মৃত্যুর খবর প্রকাশ করে সংবাদমাধ্যম বিবিসি।

১৯৯৯ সালে স্ত্রী রাইসা গর্বাচেভের মৃত্যুতে অনেকটাই ভেঙে পড়েন তিনি। জানা গেছে, মস্কোর নোভোডেভিচি কবরস্থানে স্ত্রী রাইসার পাশে সমাহিত করা হবে তাকে।

মিখাইল গর্বাচেভের মৃত্যুতে গভীর শোক জানিয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। প্রেসিডেন্টের মুখপাত্র দিমিত্রি পেসকভ বার্তা সংস্থা ইন্টারফেক্সকে বিষয়টি নিশ্চিত করেন।

ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) প্রেসিডেন্ট উরসুলা ভন ডান লেন মিখাইল গর্বাচেভকে বিশ্বস্ত ও সম্মানিত নেতা হিসেবে অ্যাখায়িত করেন। বলেন, সাবেক এই নেতা মুক্ত ইউরোপের দরজা খুলে দিয়েছিলেন।

১৯৮৫ সালে কমিউনিস্ট পার্টির নেতা হিসেবে সোভিয়েত ইউনিয়নের রাষ্ট্রপ্রধানের দায়িত্ব নেন মিখাইল গর্বাচেভ। শীতল যুদ্ধ শান্তিপূর্ণভাবে অবসানে বেশ প্রশংসা কুড়ান তিনি। তবে ১৯৯১ সালে সোভিয়েত পতন ঠোকানোর ভূমিকা নিয়ে প্রশ্নবিদ্ধ তিনি। এর পেছনে গর্বাচেভের সংস্কারবাদী নীতিকে দায়ী করেন অনেক রাশিয়ান।

স্নায়ুযুদ্ধে বিপর্যস্ত রাষ্ট্রকে গড়তে তিনি বহুল আলোচিত ‘পেরেস্ত্রোইকা’ ও ‘গ্লাসনস্ত’ নীতি প্রবর্তন করেন তিনি। প্রায় আট দশকের কমিউনিস্ট শাসনের বেড়াজাল থেকে রাশিয়াকে মুক্ত করেন তিনি। তার হাত ধরেই সোভিয়েত ইউনিয়নের পতন ঘটে।